

মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৫০.২০১৮-১৩৭৪

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৫।
২৬ ডিসেম্বর, ২০১৮।

বিষয় : রিট পিটিশন নং ৯৬৭৬/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: সফিকুল ইসলাম, পিতা- আব্দুল হালিম হাওলাদার, গ্রাম- বি, ধানসাগর, ডাকঘর: বানিয়াখালী, উপজেলা-শরণখোলা, জেলা: বাগেরহাট, সহকারী শিক্ষক (৫ম পদ), ৬৩নং কৈয়ারপাড় রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত) গং-(একই উপজেলার ২৫ জন ৫ম পদের দাবীদার শিক্ষক) তাঁরা ৫ম পদের শিক্ষক হিসেবে নিয়মিতকরণসহ নিয়মিত বেতন প্রাপ্তির দাবীতে মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং ৯৬৭৬/২০১৮ দায়ের করেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৬৭৬/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাবসহ নিম্নোক্ত রেকর্ডসমূহ আগামী ২৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১) রিট পিটিশন নং- ৯৬৭৬/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ২) প্রেরিত ওকালতনামায় স্বাক্ষর প্রদান ২(দুই)টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৩) প্রেরিত ক্ষমতর্পণ পত্রে স্বাক্ষর ২(দুই) টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৪) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- ৫) Statement of Fact (SF).

- সংযুক্তি : ১) রুল ও আর্জির কপি।
২) ওকালতনামা ও ক্ষমতা অর্পন পত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।


মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
বাগেরহাট

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৫০.২০১৮-১৩৭৪/১

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫।
২৬ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সংরক্ষণ নথি।


মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)